# নির্বাচনি পরীক্ষাপূর্ব প্রস্তুতিমূলক বিশেষ অনুশীলন ২০২০

**শ্রেণি: দশম** **বিষয় কোড- ১০১**

**বিষয়: বাংলা প্রথম পত্র (সৃজনশীল)**

**সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান: ৭০**

**[ দ্রষ্টব্য-ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। মনোযোগ দিয়ে উদ্দীপকগুলো পড়ো এবং সংশ্লিস্ট প্রশ্নের উত্তর দাও। ~~প্রতিটি বিভাগ থেকে একটি করে নিয়ে মোট সাতটি উদ্দীপক সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দিতে হবে~~। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]**

0K0 I 0L0 we fvM †_‡K Kgc‡ÿ 2wU K‡i Ges 0M0 I 0N0 we fvM †_‡K Kgc‡ÿ 1wU K‡i ‡gvU 7wU cÖ‡kœi DËi w`‡Z n‡e|

## ক-বিভাগ

১। ছোট দুটি চোখ দেখতে পেলুম না। সেই যে প্রথম দিন ঘরে ঢুকে কার্পেটের দিকে নজর রেখে দাঁড়িয়েছিলো, শেষদিন পর্যন্ত ঐ কার্পেটের অপরূপ রূপ থেকে তাকে বড় একটা চোখ ফেরাতে দেখিনি। গুরুজনদের দিকে তাকাতে নেই, আফগানিস্তানেও নাকি এই ধরনের একটা সংস্কার আছে। তবে তার নয়নের ভাবের খেলা গোপনে দেখেছি। দুটো চিনেমাটির ডাবরে যেন দুটো পান্তুয়া ভেসে উঠেছে।

ক) মমতাদির মাইনে কত ঠিক হলো? ১
খ) 'মমতাদি' লেখককে বাইরের রোয়াকে বসালো কেন? ২
গ) উদ্দীপকটির সাথে 'মমতাদি' গল্পের ফুটে ওঠা বিশেষ দিকটি ব্যাখ্যা করো। ৩
ঘ) "কিছু মিল থাকলেও উদ্দীপকটি 'মমতাদি' গল্পের বিষয়বস্তুর ভাবার্থের দর্পণ নয়।"- উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

২। "এই কথাই বলবার কথা যে, সত্যকে চাই অন্তরে উপলব্ধি করতে এবং সত্যকে চাই বাহিরে প্রকাশ করতে কোনো সুবিধার জন্য নয়, সম্মানের জন্য নয়, মানুষের আত্মাকে প্রচ্ছন্নতা থেকে মুক্তি দেওয়ার জন্য। মানুষের সেই প্রকাশতত্তটি আমাদের শিক্ষার মধ্যে প্রচার করতে হবে, কর্মের মধ্যে প্রচলিত করতে হবে, তাহলেই সকল মানুষের সম্মান করে আমরা সম্মানিত হব- নবযুগের উদ্বোধন করে আমরা জরামুক্ত হব"।

ক) মুক্তির জন্য কয়টি উপায় অবলম্বন করতে হবে? ১
খ) ক্ষুৎপিপাসার তৃপ্তির প্রয়োজন কেন? ২
গ) 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন দিকটির প্রতি উদ্দীপকে গুরুত্ব দেওয়া হয়েছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ) উদ্দীপকটি 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের খণ্ডাংশ মাত্র।- মন্তব্যটি বিচার করো। ৪

৩। ইতি পড়ুয়া। সে পাঠ্য পুস্তকের বাইরের বিষয় জানতে আগ্রহী। মাঝে মধ্যে তার মনে হয় জ্ঞানসাগরে আবগাহন করতে পারলে ভালো হয়। ও সেই লক্ষ সামনে রেখে এগুতে থাকে। রিনি উদাসীন। যত কম পড়ে নিজেকে তৈরি করা যায় সেই চেষ্টা করে সে। পড়তে তার ভালো লাগে না। তবে আড্ডা দিয়ে সময় কাটাতে ভালো লাগে। এবং সময় মতো চাকরি পাওয়ার সহজ রাস্তা খুঁজতে নেমে পড়ে।

ক) "গতাসু" অর্থ কী? ১
খ) সাহিত্যকে সর্বপ্রধান অঙ্গ বলা হয়েছে কেন? ২
গ) ইতি ও রিনির মানসিকতা তুলনামুলক ব্যাখ্যা করো। ৩
ঘ) 'ইতির দৃষ্টিভঙ্গি রিনির ওপর পতিত হলে বইপড়া সার্থক হবে'। মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৪। মনের অবিন্যস্ত বাণী বিন্যাসই কবিতার ভাবের আলোক। কবিরা সৃষ্টি সুখের উল্লাসে নিজেকে আনন্দ হিল্লোলে ভাসিয়ে দিয়ে খুব সূক্ষ্ম সংযতভাবে পর্যবেক্ষণ করে, নিজের চোখে নিস্তব্ধ থাকেন আত্মগত উপলব্ধির সাথে। কবিরা অকাতরে সাদা মনের ভালো মানুষের প্রশংসা করেন। উনারা গাছ গাছালি ফল ফলাদি সবকিছুর সৌন্দর্য উপভোগ করেন। এবং উদ্ভাসিত করে মনকে আনন্দালোকে মঙ্গলালোকে।

ক) বনফুলের গ্রামের নাম কী? ১
খ) নিমের পাতা ভাজা হয় কেন? ২
গ) উদ্দীপকে নিম গাছ গল্পের যে দিকটির ইঙ্গিত পাওয়া যায় তা ব্যাখ্যা করো। ৩
ঘ) 'কবিরা মনকে আনন্দালোকে মঙ্গলালোকে উদ্ভাসিত করে'। মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

## খ-বিভাগ

৫। হায় রে রাজধানী পাষাণকায়া
বিরাট মুঠিতলে চাপিছে দৃঢ়বলে
ব্যাকুল বালিকারে নাহিকো মায়া।
কোথা সে খোলা মাঠ উদার পথঘাট,
পাখির গান নাই, বনের ছায়া।

ক) কোন পাখি চাঁদের আলো পান করে? ১
খ) ঝর্ণাকে ঝুম- পাহাড় ভয় দেখায় কেন? ২
গ) উদ্দীপকটির সাথে 'ঝর্ণার গান' কবিতাটির সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা করো। ৩
ঘ) "উদ্দীপক ও ঝর্ণার গান" কবিতার প্রেক্ষিতে বলা যায়, নগর এবং প্রকৃতি একে অন্যের প্রতিদ্বন্দী।" - মন্তব্যটির যৌক্তিকতা নিরূপণ করো। ৪

৬। ৭১'র আগস্টের এক রাত। সারা শহরে কারফিউ চলছে। রাস্তার গলির মোড়ের কুকুরগুলো পর্যন্ত আওয়াজ করছে না। গাছ থেকে কোনো পাতা ঝরে পড়লেও তার আওয়াজ পাওয়া যায়। রাহেলা ক্লান্ত সন্তানকে বুকে জড়িয়ে ধরে পথ চলছে। পথ চলায় সেও ক্লান্ত, পরিশ্রান্ত, ঘুমে তার দুচোখের পাতা বন্ধ হয়ে আসছে। কিন্তু ঘুমানো যাবে না। নাড়িছেঁড়া ধনকে নিয়ে খুব সকালেই এ সীমান্ত শহর থেকে বের হয়ে মুক্তাঞ্চলে পৌঁছাতেই হবে তাকে।

ক) 'পল্লিজননি' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে? ১
খ) 'আড়ঙ দেখিতে নাই'- মা এ কথা কেন বলেছে? ২
গ) উদ্দীপকে প্রতিফলিত বিষয়টি 'পল্লিজননি' কবিতার আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ) "রাহেলা চরিত্রে 'পল্লিজননি'র মতো সন্তান-বাৎসল্য প্রকাশ পেলেও এ দুটোর মধ্যে পরিস্থিতি ও প্রেক্ষাপট ভিন্ন।" মুল্যায়ন করো। ৪

৭। "আমি বাংলায় গান গাই
আমি বাংলার গান গাই
আমি আমার 'আমি'কে চিরদিন
এই বাংলায় খুঁজে পাই।
বাংলা আমার জীবনানন্দ
বাংলা প্রাণের সুর
আমি একবার দেখি, বার বার দেখি,
দেখি বাংলার মুখ।"

ক) কবি বাংলার আলপথ দিয়ে কত বছর চলেছেন? ১
খ) 'এসেছি বাঙালি জোড় বাঙলার মন্দির বেদি থেকে" - কেন বলা হয়েছে? ২
গ) উদ্দীপকের সাথে 'আমার পরিচয়' কবিতার সাদৃশ্য ব্যাখ্যা করো। ৩
ঘ) "উদ্দীপকটি 'আমার পরিচয়' কবিতার আংশিক ভাবকে প্রকাশ করে"- মন্তব্যটির সপক্ষে যুক্তি প্রদর্শন করো। ৪

## গ-বিভাগ

৮। "ওমা তুই জানিস না, শহরে মিলিটারি এসে গেছে। সবাই শহর ছেড়ে পালাচ্ছে। মিলিটারি সব লোকজন মেরে ফেলবে। দীনু ভয় পেয়ে বলল, ' তাই নাকি, কবে এসেছে? 'কাল সন্ধ্যায়' হাই স্কুলে ক্যাম্প করেছে। বৃষ্টি-বাদল ছিলো বলে বেরোয়নি। আজ রোদ উঠেছে। দেখবি খানিক বাদেই বেরুবে। তারপর যাকে পাবে তাকেই মারবে। তুইও চলে যা কোথাও"।

ক) বাঙ্কারে মাইন স্থাপনের দায়িত্বে কে নিয়ুক্ত ছিলো? ১
খ) বাঙ্কার তৈরি করা হয় কেন? ২
গ) উদ্দীপকের কোন বিষয়টি 'কাকতাড়ুয়া' উপন্যাসের সঙ্গে বিশেষভাবে সংগতিপূর্ণ - ব্যাখ্যা করো। ৩
ঘ) "প্রেক্ষাপট অভিন্ন হওয়া সত্তেও উদ্দীপক ও ' কাকতড়ুয়া' উপন্যাসের ভাবার্থ সমধর্মী নয়।" - মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৯। তুমি আসবে বলে, হে স্বাধীনতা
মেশিনগান খই ফুটালো যত্রতত্র
শহরের বুকে জলপাইরঙের ট্যাঙ্ক এলো
দানবের মতো চিৎকার করতে করতে
ছাত্রাবাস বস্তি উজাড় হলো রিকয়েললেস রাইফেল ।।

ক) বুধারা কয় ভাইবোন? ১
খ) কুন্তির চোখ দিয়ে ঝরঝর করে জল গড়ায় কেন? ২
গ) উদ্দীপকের জলপাইরঙের ট্যাঙ্কটি 'কাকতাডুয়া' উপন্যাসের কোন চিত্রের প্রতিচ্ছবি? তা ব্যাখ্যা করো। ৩
ঘ) 'উদ্দীপকটি 'কাকতাডুয়া' উপন্যাসের একটি বিশেষ কাহিনির পরিচয় বহন করে'। - মুল্যায়ন করো। ৪

## ঘ-বিভাগ

১০। মকবুল বুড়োর তিন বউ - আমেনা, ফাতেমা ও টুনি। টুনির বয়স তেরো-চৌদ্দর মাঝামাঝি। সংসার কাকে বলে টুনি তা বুঝে না। সমবয়সী কারো সঙ্গে দেখা হলে সে সবকিছু ভুলে মনের সুখে গল্প জুড়ে দেয়। হাসতে হাসতে মেঝেতে গড়াগড়ি দেয়। মন্তুকে নিয়ে মাছ ধরতে যায়। মকবুল একদিন বিরক্ত হয়ে তার দিকে কাঠের টুকরা ছুড়ে মারলে টুনি তাকে বলে - 'বিষ উঠছে নাহি বুড়ার? এমন করতাছে ক্যান'।

ক) 'বহিপীর' নাটকে পানিতে পড়ে নাকানি-চুবানি খেয়েছে কে? ১
খ) 'খোদার ভেদ বুঝা সত্যই মুশকিল' - কেন এ কথার অবতারণা করা হয়েছে? ২
গ) উদ্দীপকটি 'বহিপীর' নাটকের যে দিকটি ইঙ্গিত করে, তা ব্যাখ্যা করো। ৩
ঘ) উদ্দীপকের মকবুল- টুনির সম্পর্ক এবং 'বহিপীর' নাটকের বহিপীর তাহেরার সম্পর্ক পুরোপুরি এক নয়। - মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো। ৪

১১। তাহেরুল্লাহ বাবুদের ফরমায়েস খেটে জীবিকা নির্বাহ করে। তাকে যা বলা হয় তাই করে। কখনো প্রতিবাদ করে না। মাঝে মধ্যে নিজের ইচ্ছের বিরুদ্ধেও কাজ করতে হয়। কেননা, 'তাহেরুল্লাহ হলো হুকুমের গোলাম'।

ক) নাটকের প্রাণ কী? ১
খ) রেশমপুরের জমিদারী নিলামে উঠেছিলো কেন? ২
গ) উদ্দীপকের সাথে 'বহিপীর' নাটকের সাদৃশ্যপূর্ণ দিকটির ব্যাখ্যা কর। ৩
ঘ) উদ্দীপকের তাহেরুল্লা-হকিকুল্লাহর পরিপূরক নয় কী? - মন্তব্যটি উদ্দীপক ও 'বহিপীর' নাটকের আলোকে বিশ্লেষণ করো। ৪